

2-3 MAY 2023
পৃষ্ঠা ২৩



প্রথম প্রান্ত

বেসরকারি শিক্ষক নিয়োগে

নতুন নিয়মে

মিশ্র প্রতিক্রিয়া

বিজ্ঞান প্রতিবেদক

বেসরকারি কৃষি-কলমেজ-মাদ্রাসায় শিক্ষক নিয়োগের নতুন সরকারি নিয়মে শিক্ষক সম্প্রদায়ের সংগঠনদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া আছে। শিক্ষা সংশ্লিষ্ট অনেকেই সরকারি এই সিদ্ধান্তকে স্বাগত জানালেও বেশ কয়েকটি শিক্ষক সংগঠন এই সিদ্ধান্তের উদ্দেশ্য নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন।

বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহমেদ তার প্রতিক্রিয়ায় বলেছেন, এটি আসলে তুণমূল পর্যায়ে দুর্নীতিকে উৎসাহ দেওয়ার একটি আমলাতান্ত্রিক পদক্ষেপ। তিনি বলেন, এই সিদ্ধান্ত শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের পরিপন্থী। তিনি বলেন, বিএনপি সরকার যেখানে বর্তমানে পিএসসি গঠনের মাধ্যমে শিক্ষক নিয়োগের কথা বলে আসছিল, সেখানে হঠাৎ করে এই সিদ্ধান্ত ব্রহ্মসাজনক। তিনি প্রশ্ন করেন, 'তাহলে সরকারের মধ্যে রাজনৈতিক অংশের চেয়ে আমলাতন্ত্রই কি বেশি প্রভাবশালী হয়ে উঠেছে?'

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক শরীফুল ইসলাম এ ব্যাপারে বলেন, শিক্ষক নিয়োগে ক্রমাগত দুর্নীতি-অনিয়ম রোধে নতুন পদ্ধতি যদি চূম্বিকা রাখে তবে তারা তাকে স্বাগত জানাবেন। তিনি বলেন, আগতদৃষ্টিতে তারা মনে করেন, বেসরকারি শিক্ষক নিয়োগে সরকারের নতুন নিয়মের ফলে যোগ্যতমরাই আসবেন।